পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
www.iau.edu.bd iau.exam@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং-ইআবি/পনি/ফা.অ/২০২৬/১৪১/ ৭৭০ তারিখ: ১৬-০৮-২০২৬ খ্রি.

# বিজ্ঞপ্তি

## ফাজিল স্নাতক (অনার্স) পরীক্ষা-২০২৫ এর মৌখিক, অ্যাসাইনম্যান্ট ও ইনকোর্স পরীক্ষা সংক্রান্ত:

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় পরিচালিত ফাজিল স্নাতক (অনার্স) ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২৫ এর পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ৩১-০৮-২০২৬ তারিখ হতে ২০-০৯-২০২৬ তারিখের মধ্যে (যারা ইনকোর্স নম্বর, অ্যাসাইনম্যান্ট নম্বর ও পরীক্ষার উত্তরপত্র জমা দিয়েছেন) সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশনাসমূহ:

ক. সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ আগামী ৩১-০৮-২০২৬ তারিখ হতে ২০-০৯-২০২৬ তারিখের মধ্যে ৪র্থ বর্ষের মৌখিক, অ্যাসাইনম্যান্ট ও সকল বর্ষের ইনকোর্স পরীক্ষার নম্বর তাৎক্ষণিকভাবে সফটওয়্যারে ইনপুট দেওয়ার ব্যবস্থা গ্রহণ করবেন।

খ. সফটওয়্যার থেকে প্রাপ্ত নম্বরের প্রিন্ট কপিতে পরীক্ষকগণের স্বাক্ষর ও সীলমোহর গ্রহণপূর্বক এক কপি সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে সংরক্ষণ করবেন এবং এক কপি পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়ে ডাকযোগে/হাতে হাতে প্রেরণ করবেন।

গ. মৌখিক পরীক্ষা গ্রহণের দিন অবশ্যই মৌখিক, অ্যাসাইনম্যান্ট ও ইনকোর্স পরীক্ষার নম্বর সফটওয়্যারে ইনপুট দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোনক্রমেই মৌখিক, অ্যাসাইনম্যান্ট ও ইনকোর্স পরীক্ষার নম্বর সংযোজন বা সংশোধন করা যাবে না।

ঘ. মৌখিক পরীক্ষা গ্রহণের জন্য নির্ধারিত পরীক্ষকগণ স্ব-স্ব আইডি পাসওয়ার্ড দিয়ে লগইন করে নিয়োগপত্র ডাউনলোড করত: কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার সাথে যোগাযোগ করে পরীক্ষা গ্রহণ করবেন।

ঙ. মৌখিক পরীক্ষা শেষে স্ব-স্ব আইডি পাসওয়ার্ড দিয়ে অনলাইনে বিল জমা দিবেন।

সফটওয়্যারে নম্বর ইনপুট দেওয়ার নিয়ম:

* বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (center.iau.edu.bd) প্রবেশ করতে হবে।
* তালিকা হতে ফাজিল স্নাতক (অনার্স) পরীক্ষা-২০২৫ সিলেক্ট করে নম্বর ইনপুট দিতে হবে।
* Login করার জন্য প্রত্যেক কেন্দ্র তার নিজস্ব মাদরাসার EIIN ও Password ব্যবহার করতে হবে।
* তথ্য লিপিবদ্ধ করা শেষ হলে Final Lock বাটনে ক্লিক করে Print করতে হবে।

১৬/০৮/২৬

ড. মো: ওয়ালিউর রহমান
পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

স্মারক নং-ইআবি/পনি/ফা.অ/২০২৬/ ১৪১/৭৭০ তারিখ: ১৬-০৮-২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ডিন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. ডিন, কারিকুলাম, উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. ভাইস চ্যান্সেলর এর একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) এর একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) এর একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. সহকারী রেজিস্ট্রার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট ফাজিল স্নাতক (অনার্স) পরীক্ষা কেন্দ্র-২০২৫।
৯. অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সংশ্লিষ্ট ফাজিল স্নাতক (অনার্স) মাদরাসা।
১০. প্রোগ্রামার, আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১১. অফিস কপি।

১৬/০৮/২০২৬

এস.এফ.এম. আস্‌আদ আউয়াল
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।